রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ৪২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১৯, ২০২৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭২৯—৭৪০ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৩৩—৩৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৩৪৭—১৩৬৫ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২০৭—২২২ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১৯৩—১২১১ | (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি-১ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/১৮ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২১-৯৭**—Rules of Business, 1996 এর Rule 4(ix)(a) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, সংবিধিবদ্ধ সংস্থা এবং বিভিন্ন কর্পোরেশনের শূন্য পদে চলতি দায়িত্ব ও অতিরিক্ত দায়িত্ব প্রদানের লক্ষ্যে নিম্নরূপ নীতিমালা জারি করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই নীতিমালা “মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, সংবিধিবদ্ধ সংস্থা এবং বিভিন্ন কর্পোরেশনের শূন্য পদে চলতি দায়িত্ব ও অতিরিক্ত দায়িত্ব প্রদান নীতিমালা, ২০২৩” নামে অভিহিত হইবে।

(২) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এ নীতিমালায়,—

(ক) "অতিরিক্ত দায়িত্ব" অর্থ সাময়িকভাবে কোনো সরকারি কর্মচারীকে তাহার মূল পদের/গ্রেডের সমপদে/সমগ্রেডের কিংবা, ক্ষেত্রমত, নিম্নপদে নিজ দায়িত্বের অতিরিক্ত অন্য কোনো শূন্যপদে দায়িত্ব প্রদান;

(খ) "চলতি দায়িত্ব" অর্থ সাময়িকভাবে কোনো সরকারি কর্মচারীকে তাহার মূল পদের পরবর্তী উচ্চতর কোনো প্রকৃত শূন্যপদে দায়িত্ব প্রদান; এবং

(গ) "নিয়োগ/পদোন্নতি কমিটি বা বোর্ড" অর্থ কোনো নির্দিষ্ট পদে নিয়োগ বা পদোন্নতি প্রদানের জন্য গঠিত কমিটি বা, ক্ষেত্রমত, বোর্ড।

৩। **চলতি দায়িত্ব প্রদানের ভিত্তি**।—সকল প্রকৃত শূন্যপদ সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুযায়ী সরাসরি নিয়োগ বা পদোন্নতি বা প্রেষণের মাধ্যমে পূরণ করার ত্বরিত ব্যবস্থা গ্রহণ করিতে হইবে, তবে পদের দায়িত্ব যদি এইরূপ হয় যে, পদ পূরণের সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করা পর্যন্ত পদটি শূন্য রাখা জনস্বার্থে সমীচীন নয়, তাহা হইলে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক কেবল নিম্নবর্ণিত ব্যতিক্রমধর্মী ক্ষেত্রে চলতি দায়িত্ব প্রদানের বিষয়টি বিবেচনা করা যাইবে, যথা :—

(ক) জ্যেষ্ঠতা নির্ণয়ে জটিলতা;

(খ) নিয়োগবিধি প্রণয়নে বিলম্ব;

(গ) পদোন্নতিযোগ্য কর্মচারী না থাকিলে;

(ঘ) কোনো আদালত কর্তৃক সংশ্লিষ্ট পদে সরাসরি নিয়োগ বা পদোন্নতি বা প্রেষণে নিয়োগ প্রদানের বিষয়ে স্থগিতাদেশ বা নিষেধাজ্ঞা থাকিলে।

৪। **অতিরিক্ত দায়িত্ব প্রদানের ভিত্তি**।—কোনো পদ সাময়িকভাবে শূন্য হইলে সমপদে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা যাইবে।

৫। **চলতি দায়িত্ব প্রদানের পদ্ধতি**।—চলতি দয়িত্ব নিম্নরূপে প্রদত্ত হইবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ চলতি দায়িত্ব প্রদানের শুরুর তারিখ উল্লেখ করিয়া অফিস আদেশ বা প্রজ্ঞাপন জারি করিবে;

(খ) চলতি দায়িত্বপ্রাপ্ত কর্মচারী তাহার পূর্ববর্তী পদের দায়িত্ব হস্তান্তর করিয়া চলতি দায়িত্বের পদে যোগদান করিবেন; এবং

(গ) চলতি দায়িত্ব প্রদানের ক্ষেত্রে পদোন্নতির জন্য প্রণীত জ্যেষ্ঠতা সংক্রান্ত গ্রেডেশন তালিকা যথাযথভাবে অনুসরণ করিতে হইবে এবং এইক্ষেত্রে চাকরি সন্তোষজনক থাকিলে জ্যেষ্ট কর্মকর্তাকে বাদ দিয়া কনিষ্ঠ কর্মকর্তাকে চলতি দায়িত্ব প্রদান করা যাইবে না।

৬। **অতিরিক্ত দায়িত্ব প্রদানের পদ্ধতি**।—অতিরিক্ত দায়িত্ব নিম্নরূপে প্রদত্ত হইবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট পদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ অতিরিক্ত দায়িত্ব প্রদানের শুরুর তারিখ উল্লেখ করিয়া অফিস আদেশ বা প্রজ্ঞাপন জারি করিবে; এবং

(খ) অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মচারী তাহার নিজস্ব পদের দায়িত্বের সহিত অতিরিক্ত পদের দায়িত্ব পালন করিবেন।

৭। **চলতি দায়িত্ব প্রদানের মেয়াদ**।—নিয়োগকারী কর্তৃপক্ষ অনুচ্ছেদ ৩ এর বিধান সাপেক্ষে সাময়িকভাবে ০৬ (ছয়) মাসের জন্য চলতি দায়িত্ব প্রদান করিতে পারিবে, তবে ০৬ (ছয়) মাসের অধিক চলতি দায়িত্ব প্রদানের প্রয়োজন হইলে, ০৬ (ছয়) মাস অতিক্রমের পূর্বে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট পদোন্নতি কমিটি বা বোর্ডের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

৮। **চলতি দায়িত্ব প্রদানের শর্তাদি**।—(১) সমপদধারীদের মধ্য হইতে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা সম্ভব না হইলে কেবল শূন্য পদের ফিডারভুক্ত অব্যবহিত নিম্নপদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতা, কর্মদক্ষতা ও সন্তোষজনক চাকরির ভিত্তিতে পদোন্নতির যোগ্যতা বিবেচনা করিয়া চলতি দায়িত্ব প্রদান করা যাইবে।

(২) অব্যবহিত নিম্নপদধারীদের মধ্য হইতে কাহাকেও চলতি দায়িত্ব প্রদান করা সম্ভব না হইলে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি নিম্নপদের একধাপ নীচের পদধারীকে চলতি দায়িত্ব প্রদান করা যাইবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট পদোন্নতি কমিটির অনুমোদন গ্রহণ করিতে হইবে;

(খ) মধ্যবর্তী পদটি শূন্য আছে অথবা অব্যবহিত নিম্নপদধারীদের মধ্যে দায়িত্ব প্রদানের জন্য উপযুক্ত কর্মচারী নাই এই মর্মে অফিস প্রধান কর্তৃক প্রত্যয়ন থাকিতে হইবে; এবং

(গ) যাহাকে চলতি দায়িত্ব প্রদান করা হইবে তাহার উপরের পদধারী কোনো কর্মচারীকে চলতি দায়িত্বপ্রাপ্ত কর্মচারীর অধীন করা যাইবে না।

(৩) সন্তোষজনক সার্ভিস রেকর্ড না থাকিলে কোনো কর্মচারীকে চলতি দায়িত্ব প্রদান করা যাইবে না।

(৪) নবনিয়োগপ্রাপ্ত কোনো কর্মচারী চাকরিতে স্থায়ী না হইলে ও শিক্ষানবিশকাল পূর্ণ না হইলে তাহাদের চলতি দায়িত্ব প্রদান করা যাইবে না।

(৫) বিদ্যমান নিয়োগ বিধিমালায় উল্লিখিত ফিডার পদধারীদের মধ্য হইতে কেবল চলতি দায়িত্ব প্রদান করা যাইবে।

(৬) কোনো কর্মচারীকে একসাথে একাধিক পদে চলতি দায়িত্ব প্রদান করা যাইবে না।

(৭) কোনো কর্মচারীর নামে বিভাগীয় বা ফৌজদারী মামলার কার্যধারা চলমান থাকিলে তাহাকে চলতি দায়িত্ব প্রদান করা যাইবে না।

(৮) প্রকল্প হইতে আগত কোনো কর্মচারী রাজস্ব বাজেটে নিয়মিতকৃত না হইলে তাহাকে চলতি দায়িত্ব প্রদান করা যাইবে না।

(৯) নবসৃষ্ট সরাসরি নিয়োগযোগ্য পদে চলতি দায়িত্ব প্রদান করা যাইবে না, তবে পদোন্নতিযোগ্য পদে চলতি দায়িত্ব প্রদান করা যাইবে।

(১০) চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত বা প্রকল্পে কর্মরত কোনো কর্মচারীকে চলতি দায়িত্ব প্রদান করা যাইবে না।

(১১) সুপিরিয়র সিলেকশন বোর্ড (এসএসবি) এর আওতাধীন পদসমূহের ক্ষেত্রে নিম্নোক্তভাবে গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে চলতি দায়িত্ব প্রদান করিতে হইবে, যথা:—

| | | |
|---|---|---|
| (ক) | প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব- | সভাপতি |
| (খ) | যুগ্মসচিব, জনপ্রশাস মন্ত্রণালয় | সদস্য |
| (গ) | যুগ্মসচিব, অর্থ বিভাগ | সদস্য। |

(১২) আইন দ্বারা সৃষ্ট প্রতিষ্ঠানের যে সকল পদে সরকার কর্তৃক নিযুক্ত হওয়ার বিধান রহিয়াছে সেই সকল পদে চলতি দায়িত্ব প্রদান করা যাইবে না।

৯। **অতিরিক্ত দায়িত্ব প্রদানের শর্তাদি।**—(১) সাময়িক শূন্যপদে সমপদধারী কর্মচারীদের মধ্য হইতে সাধারণত অতিরিক্ত দায়িত্ব প্রদানকে অগ্রগণ্যতা প্রদান করিতে হইবে।

(২) প্রকল্প হইতে আগত কোনো কর্মচারী রাজস্ব বাজেটে নিয়মিতকৃত না হইলে তাহাকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা যাইবে না।

(৩) চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত বা প্রকল্পে কর্মরত কোনো কর্মচারীকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা যাইবে না।

(৪) কোনো কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত হইলে তাহার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার না হওয়া পর্যন্ত ঐ পদে অন্য কোনো কর্মচারীকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা যাইবে।

১০। **চলতি দায়িত্বের সুবিধা দাবি।**—(১) চলতি দায়িত্ব পদোন্নতি হিসেবে দাবি করা যাইবে না।

(২) চলতি দায়িত্ব পালনকারী কর্মচারী চলতি দায়িত্ব পালনের কারণে চলতি দায়িত্বের পদে বা অন্য কোনো পদে পদায়ন, বদলি বা পদোন্নতি প্রদানের ক্ষেত্রে কোনোরূপ অগ্রগণ্যতা বা অধিকার অর্জন করিবেন না।

১১। **কার্যভারভাতা।**—(১) চলতি দায়িত্ব ও অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মচারী অর্থ বিভাগ কর্তৃক, সময় সময় জারীকৃত আদেশে উল্লিখিত হারে ও শর্তে কার্যভারভাতা প্রাপ্য হইবেন।

(২) কার্যভারভাতা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ ক্ষেত্রমতে চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব প্রদানের তারিখ উল্লেখ করিয়া অফিস আদেশ বা প্রজ্ঞাপন জারি করিবেন।

(৩) একজন কর্মচারীকে একাধিক পদে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হইলেও তিনি একটির বেশি কার্যভারভাতা প্রাপ্য হইবেন না।

(৪) চলতি দায়িত্ব ও অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মচারী কার্যভারভাতা ০৬ (ছয়) মাস প্রাপ্য হইবেন, তবে চলতি দায়িত্ব ও অতিরিক্ত দয়িত্বের মেয়াদ ০৬(ছয়) মাসের অধিক হইলে ০৬(ছয়) মাস অতিক্রমের পূর্বে অর্থ বিভাগের সম্মতির জন্য প্রেরণ করিতে হইবে।

(৫) চলতি দায়িত্ব ও অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত পদে ০৩(তিন) সপ্তাহের কম সময়ের জন্য দায়িত্ব পালনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী কোনো কার্যভারভাতা প্রাপ্য হইবেন না।

১২। **পদবির ব্যবহার।**—(১) মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত দপ্তর, অধস্তন অফিস, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত সংস্থা এর প্রধানের চলতি দায়িত্ব পালনকালে দায়িত্বপ্রাপ্ত কর্মচারী তাঁহার দায়িত্বপ্রাপ্ত পদের পদবি ব্যবহার করিবেন এবং উহার সহিত "ভারপ্রাপ্ত" শব্দটি যোগ করিবেন [যেমন মহাপরিচালক (ভারপ্রাপ্ত), বা প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত)]।

(২) মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত দপ্তর, অধস্তন অফিস, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত সংস্থা-এর প্রধানের পদ ব্যতীত অন্য কোনো পদে দায়িত্ব পালনকালে চলতি দায়িত্বপ্রাপ্ত কর্মচারী উচ্চতর পদের পদবি ব্যবহার করিবেন এবং তাহার সহিত "চলতি দায়িত্ব" শব্দদ্বয় যোগ করিবেন [ যেমন-উপপরিচালক (চলতি দায়িত্ব), বা সহকারী পরিচালক (চলতি দায়িত্ব)]।

(৩) মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত দপ্তর, অধস্তন অফিস, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত সংস্থা এবং বিভিন্ন কর্পোরেশনের অতিরিক্ত দায়িত্ব পালনকারী কর্মচারী তাঁহার দায়িত্বপ্রাপ্ত পদের পদবি ব্যবহার করিবেন এবং উহার সহিত "অতিরিক্ত দায়িত্ব" শব্দদ্বয় যোগ করিবেন [যেমন-প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), বা নির্বাহী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)], তবে নিম্ন পদে অতিরিক্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে অতিরিক্ত দায়িত্ব পালনকারী কর্মচারী তাহার মূল পদের পদবি ব্যবহার করিবেন [যেমন-যখন পরিচালক সহকারী পরিচালকের অতিরিক্ত দায়িত্ব পালন করিবেন তখন তিনি তার নিজ পদ পরিচালকের পদবি ব্যবহার করিবেন]।

(৪) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত প্রক্রিয়া অনুসরণে গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে "ভারপ্রাপ্ত সচিব" হিসাবে কর্মকর্তা নিয়োগ ও দায়িত্ব প্রদান ব্যতিরেকে দায়িত্ব পালনকারী কর্মকর্তা "ভারপ্রাপ্ত সচিব" পদবি ব্যবহার করিতে পারিবেন না, তবে সচিবের বিদেশে অবস্থান বা অন্য কোনো কারণে সাময়িক সময়ের জন্য সচিব এর দৈনন্দিন বা জরুরি সরকারি কার্যাদি সম্পাদনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মচারী তাঁহার নিজ পদের পদবি ব্যবহার করিবেন এবং উহার সহিত "সচিবের রুটিন দায়িত্ব" শব্দসমূহ যোগ করিবেন [যেমন-অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্ব)]।

১৩। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই নীতিমালা জারির সঙ্গে সঙ্গে তধানীন্তন সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক স্মারক নং সম (বিধি-১/ এস-১১/৯২-৩০(১৫০), তারিখ ০৫ ফেব্রুয়ারি ১৯৯২ মূলে জারীকৃত নির্দেশটি এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত নির্দেশের অধীন যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই নীতিমালার অধীনে সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে, এবং রহিতকৃত নির্দেশের অধীনে প্রদত্ত দায়িত্ব চলমান থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ/১৯ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৩৩/২০২৩/কাস্টমস/৪৫৩**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চট্টগ্রাম সমুদ্র বন্দরে অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড (বন্ড লাইসেন্স নং ৫(১৩) কাবক/চট্ট/বন্ড(শীপ স্টোরস)/লাইঃ/১৮/২০১৮, তারিখ ০২/১২/২০১৮ খ্রিঃ) নামীয় Ship Stores & Crew Bonded Warehouse (Duty Free Shop) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করিল, যথাঃ—

| ক্রঃ নং | আমদানিকৃত পণ্য | বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১. | Ships Store Items | ১,৪০,০০০০.০০ |
| ২. | Cigarettes & Tobacco | ১,৩০,০০০.০০ |
| ৩. | Alcoholic Beverage (Liquor, Beer, Wine) | ২৫,০০০.০০ |
| ৪. | Cosmetic and Toiletries | ৫,০০০.০০ |
| ৫. | Beverage (Non-alcoholic), Confectionary, Electronics, Gift Item | ৫,০০০.০০ |
| | মোট = | ৩,০৫,০০০.০০ (তিন লক্ষ পাঁচ হাজার) মা. ডলার |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**নাজমুন নাহার**
দ্বিতীয় সচিব। (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ/১৯ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৩৪/২০২৩/কাস্টমস/৪৫৫**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর, সিলেট এ অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড নামীয় ডিউটি ফ্রি শপ (বন্ড লাইসেন্স নং-০৪/কাস-এসবিডব্লিউ/২০১৮, তারিখঃ ২৯-০৭-২০১৮) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

| ক্রঃ নং | পণ্যের বিবরণ | বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১ | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৪৫,০০০.০০ |
| ০২ | লিকার ও অন্যান্য ড্রিংকস (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ২০,০০০.০০ |
| ০৩. | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ৫,৪০০.০০ |
| ০৪. | কনফেকশনারী, ইলেক্ট্রনিক্স, গিফটআইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ। | ৫,৪০০.০০ |
| | সর্বমোট = | ৭৫,৮০০.০০ (কথায়: পঁচাত্তর হাজার আটশত মার্কিন ডলার) |

**নাজমুন নাহার**
দ্বিতীয় সচিব। (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ আশ্বিন ১৪৩০/২৬ সেপ্টেম্বর ২০২৩

**নং ২৩.০০.০০০০.১২০.২৭.০৭২.২১.২৫১**—জনাব মাসরেকুস সালেহীন, উপসহকারী প্রকৌশলী বি/আর, মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস [বর্তমানে এজিই (আর্মি) পার্বতীপুর এ কর্মরত]-কে ১/২০২২ নং বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(খ) বিধি মোতাবেক তাঁকে "২(দুই)টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী বেতন বৃদ্ধির তারিখ হতে ২(দুই) বছরের জন্য ক্রমপুঞ্জিভূতহারে স্থগিত" রাখার লঘুদণ্ড প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**গোলাম মোঃ হাসিবুল আলম**
সিনিয়র সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ: ০২ আশ্বিন ১৪৩০/১৭ সেপ্টেম্বর ২০২৩

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০৫২.০২-৩১৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ নাসির উদ্দিন, জন্ম তারিখ: ০১-০২-১৯৮১ খ্রিঃ, পিতা: মোঃ জয়নাল মুসুল্লী, মাতা: রসনেছা, গ্রাম: বাদুরা, ওয়ার্ড নং-০৮, ডাকঘর: বাদুরা হাট, উপজেলা: পটুয়াখালী সদর, জেলা: পটুয়াখালী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার সদর উপজেলার ১১ নং আউলিয়াপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০৫২.০২-৩১৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ ইব্রাহিম খলিল, জন্ম তারিখ: ০১-০১-১৯৮০ খ্রিঃ, পিতা: মোঃ লুৎফর রহমান মুন্সী, মাতা: মোসা: নুরভানু, গ্রাম: ভায়লা, ওয়ার্ড নং-০৯, ডাকঘর: ভুরিয়া, উপজেলা: পটুয়াখালী সদর, জেলা: পটুয়াখালী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার সদর উপজেলার ১৩ নং ভুরিয়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ: ০৪ আশ্বিন ১৪৩০/১৯ সেপ্টেম্বর ২০২৩

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০৪৯.৮৩(১)-৩২২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব সাইফুল ইসলাম, জন্ম তারিখ: ০১-০১-১৯৮৪ খ্রিঃ, পিতা: মোঃ ইলিয়াছ, মাতা: সাজেদা বেগম, গ্রাম: মুজাহিদপুর, ওয়ার্ড নং-০৬, ডাকঘর: জিরতলী বাজার, উপজেলা: বেগমগঞ্জ, জেলা: নোয়াখালী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলার ০৮নং বেগমগঞ্জ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩০/২১ সেপ্টেম্বর ২০২৩

**নং ১০.০০.০০০০.১৩১.১১.১২৩.৮৭-৩৩০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ দিলোয়ার হোসেন, জন্ম তারিখ: ০৯-১২-১৯৯১ খ্রিঃ, পিতা: মোঃ আলী হোসেন, মাতা: রাশিদা বেগম, গ্রাম: সৈয়দপুর, ওয়ার্ড নং-০৪, ডাকঘর: সুনামগঞ্জ সদর, উপজেলা: সুনামগঞ্জ সদর, জেলা: সুনামগঞ্জ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর উপজেলার ০৩ নং সুরমা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩০/২৪ সেপ্টেম্বর ২০২৩

**নং আর-৬/৭এন-৭৪/২০২৩-৩৯৯**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সনের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে পাবনা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ রুহুল আমিন, পিতা-মরহুম আব্দুর রশিদ, মাতা-মোছাঃ জয়গন নেছা-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপর্যুক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহ্উদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

**জননিরাপত্তা বিভাগ**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩০/২০ সেপ্টেম্বর ২০২৩

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৬৫.২১-৪০৪**—যেহেতু, জনাব মোঃ সামছুদ্দিন ছালেহ আহমদ চৌধুরী, পিপিএম (বার) (বিপি-৬৫৮৯০০৮২৪৮), সহকারী পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট ইতঃপূর্বে মীরসরাই সার্কেল, চট্টগ্রাম হিসেবে কর্মকালে ০৯-০৯-২০১৮ তারিখ হতে ০১-১১-২০২০ তারিখ পর্যন্ত তার আওতাধীন জোরারগঞ্জ থানার তৎকালীন এসআই (নিঃ) মোঃ সিরাজুল ইসলাম (বর্তমানে পুলিশ পরিদর্শক) এর মাধ্যমে এসআই (নিঃ) আলমগীর কবিরসহ আরো ৬ জনের নিকট থেকে অবৈধভাবে বিভিন্ন হারে মাসিক মাসোয়ারা গ্রহণ করতেন মর্মে অভিযোগ উত্থাপিত হয়। বর্ণিত অভিযোগের ভিত্তিতে বিভাগীয় মামলা রুজু করে ১৯-০৬-২০২২ তারিখ: ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৬৫.২১-২১০ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। তৎপ্রেক্ষিতে তিনি ০৬-০৭-২০২২ তারিখে কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং ২৭-১০-২০২২ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তার কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানিতে পক্ষগণের প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি বিবেচনা করে অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য জনাব আরাফাতুল ইসলাম (বিপি-৮৭১২১৪৭৭৪৭), অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম-কে ২৯-১২-২০২২ তারিখে উক্ত বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ৩০-০৭-২০২৩ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ সামছুদ্দিন ছালেহ আহমদ চৌধুরী, পিপিএম (বার) (বিপি-৬৫৮৯০০৮২৪৮), সহকারী পুলিশ সুপার এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণতার' অভিযোগ তদন্ত ও সাক্ষ্য প্রমাণে প্রমাণিত হয়নি;

সেহেতু, জনাব মোঃ সামছুদ্দিন ছালেহ আহমদ চৌধুরী, পিপিএম (বার) (বিপি-৬৫৮৯০০৮২৪৮), সহকারী পুলিশ সুপার, আরআরএফ, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি, তদন্ত প্রতিবেদন সংশ্লেষ এবং সার্বিক পর্যালোচনা করে অভিযুক্ত কর্মকর্তার জবাব সন্তোষজনক বিবেচিত হওয়ায় তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান**, বিপিএএ
সিনিয়র সচিব।

---

**সুরক্ষা সেবা বিভাগ**
**অগ্নি শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০/২৭ জুলাই ২০২৩

**নং ৫৮.০০.০০০০.০৫২.১২.০০১.২২-২৩০**—নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা ২০১১-এর বিধি-৪ এর আলোকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত ও প্রস্তাবিত ৮১ (একাশি) জন সিনিয়র স্টেশন অফিসার ও সমমান পদের কর্মকর্তাগণের নিম্নরূপ জ্যেষ্ঠতা তালিকা আদিষ্ট হয়ে এতদ্বারা অনুমোদন করা হইল:

| জ্যেষ্ঠতার ক্রম | কর্মকর্তার নাম ও পিন নম্বর | জন্ম তারিখ | চাকরিতে প্রথম যোগদানের তারিখ ও পদের নাম | বর্তমান পদের নাম |
|---|---|---|---|---|
| ১. | মোঃ শামিমুল ইসলাম (৬৬৪১) | ১২-১০-১৯৭০ | ১৫-০১-৯৪, স্টাফ অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ২. | মোঃ ফিরোজ কুতুবী (৫২৯৮) | ০১-০৭-১৯৬৯ | ১৩-১২-৯৮, স্টাফ অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৩. | মোঃ মাহবুব আলম (৫৮৯৪) | ০১-০২-১৯৭৩ | ১৪-০১-৯৩, (ফায়ারম্যান)<br>০৫-০৯-৯৯, (স্টেশন অফিসার) | সিনিয়র স্টেশন অফিসার |
| ৪. | মোহাম্মদ শওকত আলী জোদ্দার (৩২৮৮) | ১২-০৯-১৯৭৩ | ০৫-০৯-৯৯, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৫. | মোঃ আলী সাজ্জাদ (৪৮১১) | ০১-০১-১৯৭৪ | ২১-০৫-২০০০, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৬. | খন্দকার সানাউল হক (১৩২০) | ৩১-১২-১৯৭৫ | ২৮-০৬-২০০০, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৭. | মোঃ গোলাম ছরোয়ার (২১২৬) | ০৯-০৮-১৯৭৩ | ০১-০১-০১, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৮. | মোহাম্মদ মোবারক আলী (১৭৯৮) | ০২-০১-১৯৭৪ | ০১-০১-০১, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৯. | মোঃ নুরুল ইসলাম (৩০৬৫) | ০৩-০১-১৯৭৭ | ০১-০১-০১, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |

| জ্যেষ্ঠতার ক্রম | কর্মকর্তার নাম ও পিন নম্বর | জন্ম তারিখ | চাকরিতে প্রথম যোগদানের তারিখ ও পদের নাম | বর্তমান পদের নাম |
|---|---|---|---|---|
| ১০. | আলী আকবর (৫৫৪৫) | ০১-০৩-১৯৭৮ | ০১-০১-০১, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ১১. | মোঃ জাকির হোসেন (৪৬১৩) | ০৫-১১-১৯৭৬ | ১১-০৩-০১, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ১২. | মোহাম্মদ বজলুর রশিদ (১৩৭৮) | ১৪-১২-১৯৭৫ | ০৯-০৯-০১, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ১৩. | শামস আরমান (২৯৬৮) | ২৮-১২-১৯৭৮ | ০৯-০৯-০১, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ১৪. | মুহাম্মদ আব্দুল্লাহ (৪৪৫২) | ০৫-১০-১৯৭৬ | ০১-১১-০১, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ১৫. | মোহাম্মদ আবুবকর জামান (৩২২২) | ০১-০১-১৯৭৯ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ১৬. | আলমগীর হোসেন, (২৪৬৩) | ০১-০৬-১৯৭৯ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ১৭. | হাফিজুর রহমান (৩২০৫) | ১০-১২-১৯৭৭ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ১৮. | মোঃ সাইফুজ্জামান (২১৩৫) | ০৫-০২-১৯৭৪ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ১৯. | মোহাম্মদ মামুন (১৪০১) | ০১-০১-১৯৮১ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ২০. | শেখ মোঃ মাহবুবুল ইসলাম (৪৬৩৬) | ১২-০৫-১৯৭৫ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ২১. | সাকরিয়া হায়দার (৪১৯১) | ০৪-০৩-১৯৮২ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ২২. | মোঃ লিটন আহম্মেদ (২৯০৫) | ২৬-১১-১৯৭৮ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ২৩. | শিপলু আহম্মেদ (১১৮২) | ২০-০২-১৯৭৭ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ২৪. | মোহাম্মদ আব্দুর রহমান (৩৭৩০) | ০৪-০১-১৯৭৮ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ২৫. | মোঃ ফরহাদ হোসেন (১৬১১) | ০১-০৮-১৯৭৯ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ২৬. | মোহাম্মদ আবুল কালাম আজাদ (৫৮২৮) | ০৩-০৪-১৯৭৪ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ২৭. | জাহাঙ্গীর আহমদ (৪১০৮) | ২৬-০৭-১৯৭৮ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ২৮. | মোহাম্মদ শফিকুল ইসলাম (২৪৪৬) | ০১-০৫-১৯৭৬ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ২৯. | সৈয়দ মুহাম্মদ মোরশেদ হোসেন (৩৬১৫) | ০১-০১-১৯৭৪ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৩০. | অতীশ চাকমা (৪৩৯৬) | ০১-০৯-১৯৭৫ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৩১. | মাহমুদুল হাসান (৫২৩৭) | ০১-০২-১৯৮০ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৩২. | মোঃ কামরুল হাসান (৪০৫৮) | ২৪-১০-১৯৭৬ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৩৩. | শাহ ইমরান (৪৭৪৪) | ০৩-০৩-১৯৭৯ | ২৫-০২-০৩, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৩৪. | মোঃ ফারুক আহমেদ (৪৪৯২) | ০১-০৩-১৯৭৭ | ২১-০৩-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৩৫. | মোহাম্মদ আব্দুল মন্নান (২২৮৫) | ২০-০৯-১৯৭৫ | ২১-০৩-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৩৬. | ফয়সালুর রহমান (১০৬৪) | ১৫-১২-১৯৭৮ | ২১-০৩-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৩৭. | মোহাম্মদ শফিকুল ইসলাম (৫২৫৪) | ১৫-১১-১৯৭৭ | ২১-০৩-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৩৮. | মোহাম্মদ রেজাউল কবির (২২৫২) | ০৫-০৮-১৯৭৮ | ২১-০৩-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৩৯. | মোহাম্মদ এনামুল হক (৪৪৪৮) | ২৮-০১-১৯৭৯ | ২১-০৩-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৪০. | মোঃ বাদশা মাসউদ আলম (১৫৫৭) | ২২-০৮-১৯৭৭ | ২১-০৩-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৪১. | মোঃ আক্তার হামিদ খান (১৫৭৪) | ৩১-১২-১৯৭৯ | ২১-০৩-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৪২. | মোহাম্মদ আফছার উদ্দিন (৪২৬৫) | ১৫-১০-১৯৭৭ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৪৩. | আবদুল মন্নান (২৮০২) | ২১-০৫-১৯৭৫ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৪৪. | মোঃ আলী আজম (২৬৯৯) | ০৭-০১-১৯৭৫ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৪৫. | মোহাম্মদ আবদুল মান্নান আনসারী (৪৪২২) | ০১-০৭-১৯৭৪ | ০৭-০৮-০৪, স্টাফ অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৪৬. | মোহাম্মদ জাকের হোসেন (৪২০৬) | ১৫-০৯-১৯৮০ | ০৭-০৮-০৪, স্টাফ অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৪৭. | মোঃ সাইদুল আলম চৌধুরী (২১৯৩) | ১৮-০৬-১৯৮০ | ০৭-০৮-০৪, স্টাফ অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৪৮. | মোঃ আবুল বাশার (১৪০৬) | ১৮-০২-১৯৭৯ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৪৯. | মোঃ খুরশিদ আনোয়ার (৩৯৮৯) | ১৫-০৯-১৯৭৬ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৫০. | মোহাম্মদ ওসমান গণি (২২০৭) | ১৬-১২-১৯৭৮ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৫১. | মোঃ বজলুর রশিদ (১৫৭৩) | ০৫-০১-১৯৭৫ | ০৭-০৮-০৪, স্টাফ অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৫২. | মোহাম্মদ আতিকুর রহমান (৩০৮৫) | ০১-০১-১৯৭৮ | ০৭-০৮-০৪, স্টাফ অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৫৩. | মোহাম্মদ ইদ্রিচ (২২৫৪) | ১৪-১২-১৯৭৬ | ০৭-০৮-০৪, স্টাফ অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৫৪. | মোঃ সাইফুল ইসলাম (৪০২৪) | ০৫-০১-১৯৭৯ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৫৫. | মোহাম্মদ সামসুল আলম (৩৮১৩) | ২৫-০৯-১৯৭৯ | ০৭-০৮-০৪, স্টাফ অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |

| জ্যেষ্ঠতার ক্রম | কর্মকর্তার নাম ও পিন নম্বর | জন্ম তারিখ | চাকরিতে প্রথম যোগদানের তারিখ ও পদের নাম | বর্তমান পদের নাম |
|---|---|---|---|---|
| ৫৬. | মোঃ ফিরোজ আহমেদ (২৪৮৮) | ০৩-০৫-১৯৭৫ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৫৭. | মোঃ শাহজাহান (৪২৬৬) | ১২-০১-১৯৮১ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৫৮. | মোঃ ইকবাল হাসান (২৮৬৬) | ১৪-০৪-১৯৭৮ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৫৯. | মোঃ কবির হোসেন (৪১৬৮) | ০২-০৬-১৯৮২ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৬০. | মোঃ সাঈদুজ্জামান (২১৫১) | ১৭-০৪-১৯৮৩ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৬১. | মোঃ নজরুল ইসলাম | ২৬-০৯-১৯৭৪ | ০৭-০৮-০৪, স্টাফ অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৬২. | এ কে এম রায়হানুল আশরাফ হোসেন (৪৬৩৭) | ৩০-০৭-১৯৭৮ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৬৩. | মোঃ সাদিকুল বারি (৩৮৫০) | ৩১-১২-১৯৭৯ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৬৪. | মোঃ খুরশীদ আলম (৪৫৯৪) | ০১-০১-১৯৮০ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৬৫. | মোঃ শাজাহান সিরাজ (৩৬৯৬) | ১৫-০৬-১৯৮১ | ০৭-০৮-০৪, স্টাফ অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৬৬. | আল মামুন (১১৪৭) | ১৫-০২-১৯৮০ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৬৭. | মোঃ আনোয়ার হোসেন (৪০১২) | ১৬-১২-১৯৮০ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৬৮. | মোঃ শফিউল ইসলাম (১৯৯৬) | ১৪-০৫-১৯৭৭ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৬৯. | মোঃ শহীদুল ইসলাম (৩৯৫৩) | ০১-০১-১৯৭৫ | ০৭-০৮-০৪, স্টাফ অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৭০. | মোঃ জাকির হোসেন (৪৭৫৩) | ২১-০১-১৯৭৬ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৭১. | মোঃ শহিদুল ইসলাম (৫২৩৪) | ০৪-০৬-১৯৭৬ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৭২. | মোহাম্মদ কাজল মিয়া (৩৭৭১) | ২২-০১-১৯৭৭ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৭৩. | এস এম হুমায়ূন কার্ণায়েন (৫৭৯৫) | ১৫-০৩-১৯৭৭ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৭৪. | খান খলিলুর রহমান (২৩৭৪) | ১৫-০৯-১৯৭৭ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৭৫. | মোঃ বেলাল হোসেন (৫২৪৯) | ০১-০৩-১৯৮২ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৭৬. | মোঃ নূরুল আলম দুলাল (২০৫৬) | ০১-০১-১৯৭৫ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৭৭. | রবিউল ইসলাম আকন্দ (৩১০৫) | ০১-০১-১৯৭৮ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৭৮. | মোঃ আব্দুল হালিম (৩৮২৭) | ১২-০২-১৯৮০ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৭৯. | মোঃ আব্দুস সহিদ (১৪০৫) | ১৪-০২-১৯৮২ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৮০. | মোহাম্মদ মোমেন মুর্শেদ (২৯২৫) | ২৮-০১-১৯৭৫ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |
| ৮১. | আজিজুল হক (৬৩৩৫) | ০৫-০৩-১৯৭৮ | ০৭-০৮-০৪, স্টেশন অফিসার | সিনিয়র স্টেশন অফিসার |

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**জাহিদুল ইসলাম**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০/১৪ সেপ্টেম্বর ২০২৩

নং ৩৭.০০.০০০০.০৭৮.০৪.০০৩.২০০২(অংশ-১)-৩০৪—বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন, ২০১৭ এর ধারা ৬ (২) এবং ৯(১) অনুযায়ী প্রফেসর ড. এস. এম. কবীর প্রাক্তন পূর্ণকালীন সদস্য, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা-কে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য পদে দ্বিতীয় মেয়াদে নিম্নে বর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) এ নিয়োগের মেয়াদ হবে ৪ (চার) বছর। তবে সরকার প্রয়োজন মনে করলে নির্ধারিত মেয়াদ শেষ হওয়ার পূর্বে দায়িত্ব হতে অব্যাহতি দিতে পারবেন;

(খ) বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য হিসেবে তিনি যে বেতন-ভাতা পেয়েছেন, দ্বিতীয় মেয়াদেও একইভাবে বেতন-ভাতা প্রাপ্য হবেন;

(গ) তিনি বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন, ২০১৭ দ্বারা নির্ধারিত দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. মোঃ ফরহাদ হোসেন**
উপসচিব।

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ/১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০১৩.২২-৩৯৬—যেহেতু, জনাব মুহাম্মদ মশিউর রহমান খান পাঠান, প্রেষণে সহকারী বিশেষজ্ঞ, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী, ময়মনসিংহ (মূলপদ ইন্সট্রাক্টর, পিটিআই, ময়মনসিংহ) সন্তানের চিকিৎসার জন্য ০১-০৪-২০১৮ হতে ৩০-০৬-২০১৮ তারিখ পর্যন্ত মন্ত্রণালয় হতে ছুটি মঞ্জুরপূর্বক যুক্তরাষ্ট্র গমন করেন। নির্ধারিত ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করে ২৯-০৬-২০১৮ তারিখে ১৮০ দিন (০১-০৭-২০১৮ হতে ৩০-১২-২০১৮ তারিখ পর্যন্ত) ছুটি বর্ধিত করার আবেদন করেন। ১৮০ দিনের ছুটি মঞ্জুর না করিয়েই পুনরায় ২৬-১২-২০১৮ তারিখের আবেদনে ৩১-১২-২০১৮ হতে ৩০-১২-২০২১ তারিখ পর্যন্ত (৩ বছর) এবং ২৬-১২-২০২১ তারিখের আবেদনে ৩১-১২-২০১৮ হতে ১৫-০৩-২০২২ তারিখ পর্যন্ত (০৩ বছর আড়াই মাস) বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুরের আবেদন করেন। তিনি দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদান না করে বার বার ছুটির আবেদন করায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী অসদাচরণ ও পলায়নের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তার প্রতিবেদনে জানান যে, অভিযুক্ত কর্মকর্তা পারিবারিক কারণে চাকরি হতে অব্যাহতি এবং চলমান বিভাগীয় মামলা হতে অব্যাহতি পাওয়ার আবেদন করে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে পুনরায় যুক্তরাষ্ট্রে চলে গেছেন; এবং

যেহেতু, তার লিখিত জবাব, শুনানিতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র এবং নথি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তাকে "চাকরি হতে বরখাস্ত" করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ তার ই-মেইল, বর্তমান কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। কর্মস্থলের ঠিকানায় প্রেরিতব্য পত্রটি "উল্লিখিত ঠিকানা ছেড়ে প্রাপক অন্যত্র চলে যাওয়ায় ফেরত" মন্তব্যসহ ডাক বিভাগ হতে ফেরত আসে। তবে স্থায়ী ঠিকানায় প্রেরিতব্য পত্রটি "ফেরত আসেনি আবার জবাবও পাওয়া যায়নি" এবং ই-মেইল যোগে প্রেরিত পত্রেরও কোনো জবাব পাওয়া যায়নি। ফলে নোটিশটি ও "Daily Sun" ও "ভোরের ডাক" পত্রিকায় প্রকাশ করা হলেও তার নিকট হতে কোনো জবাব পাওয়া যায়নি; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ০১-০৭-২০১৮ থেকে সরকারি চাকরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal From Service)" গুরুদণ্ড প্রদানের লক্ষ্যে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হলে এ মন্ত্রণালয়ের প্রস্তাবের সাথে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন একমত পোষণ করে মতামত প্রদান করে।

সেহেতু, জনাব মুহাম্মদ মশিউর রহমান খান পাঠান, প্রেষণে সহকারী বিশেষজ্ঞ, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ (মূলপদ: ইন্সট্রাক্টর, পিটিআই, ময়মনসিংহ)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক অননুমোদিতভাবে তার কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ০১-০৭-২০১৮ থেকে "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal From Service)" গুরুদণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ/১৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০০৭.২৩-৪১৩—যেহেতু, জনাব মোঃ আনিছুর রহমান, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গোপালগঞ্জ ইতঃপূর্বে উপজেলা শিক্ষা অফিসার, হাতিয়া, নোয়াখালী হিসেবে কর্মকালীন হাতিয়া উপজেলার ৯নং বুড়িরচর ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০১৬ এর রিটার্নিং অফিসারের দায়িত্বপ্রাপ্ত হন। উক্ত দায়িত্ব পালনকালে তার বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও জাল জালিয়াতির অভিযোগে বিজ্ঞ সিনিয়র স্পেশাল জজ আদালত, নোয়াখালীর পিটিশন মামলা নং-০২/২০১৮ দায়ের করা হয়। দুদক কর্তৃক উক্ত অভিযোগ অনুসন্ধানকালে দেখা যায় যে, রিটার্নিং অফিসার জনাব মোঃ আনিছুর রহমান তার নির্বাচনী দায়িত্বকালীন বুড়িরচর চারুবালা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভোট কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার কর্তৃক দাখিলকৃত ভোট গণনার ফরম ঞ-২ তে কাটাকাটি থাকা সত্ত্বেও উক্ত কাটাকাটি (Over writing) এর স্থানে প্রিজাইডিং অফিসারের কোন অনুস্বাক্ষর না নিয়ে বা কোন কোয়েরি (Query) না করে কাটাকাটিযুক্ত ঞ-২ ফরম সঠিক হিসেবে গ্রহণ করায় মিসেস শেফালী বেগম ২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য নির্বাচিত হয়েছিলেন এবং মিসেস নয়না বেগম পরাজিত হয়েছিলেন। দুদকের অনুসন্ধানে উদঘাটিত হয় যে, প্রাপ্ত ভোটের হিসেবে মিসেস নয়না বেগম ২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য নির্বাচিত হয়েছিলেন এবং মিসেস শেফালী বেগম ৪২ ভোটে পরাজিত হয়েছিলেন। তার এহেন দায়িত্ব পালনে অবহেলা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ক) ও ৩(খ) অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের পর্যায়ভুক্ত অপরাধ বিধায় উক্ত অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক গত ১৯ জুলাই ২০২৩ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য ও লিখিত জবাব পর্যালোচনায় দেখা যায় যে, কাটাকাটিযুক্ত ঞ-২ ফরমটি রিটার্নিং অফিসার অর্থাৎ অভিযুক্ত কর্মকর্তার নিকট দাখিলের পূর্বেই সংশ্লিষ্ট সকলের নিকট পৌঁছে গিয়েছিল। ফলে সরল মনেই তিনি কাটাকাটিযুক্ত ঞ-২ ফরমটি গ্রহণ করেন। এ অনিয়মের সাথে তিনি কোনোভাবেই জড়িত নন বিধায় এই অনিচ্ছাকৃত ভুলের জন্য তিনি ক্ষমা প্রার্থণা করেন; এবং

যেহেতু, শুনানিতে তার প্রদত্ত বক্তব্য, লিখিত জবাব এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮ এর ৩(ক) ও ৩(খ) অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, জনাব মোঃ আনিছুর রহমান, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গোপালগঞ্জ (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, হাতিয়া নোয়াখালী)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) মোতাবেক "তিরস্কার (Censure) লঘুদণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০২৭.২২-৪১৪—যেহেতু, জনাব খন্দকার দীন মোহাম্মদ, সহকারী পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর অনুকূলে নিউজিল্যান্ডের ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অব ওয়েলিংটনে পিএইচডি করার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২৬-০৭-২০২০ তারিখের ৩৮.০০২.০০৮.০০.০০.০১০.২০০৯(অংশ).৬৫৩ নং স্মারকে ০১-০৯-২০২০ হতে ৩১-০৮-২০২৩ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ০৩ (তিন) বছর প্রেষণাদেশ মঞ্জুর করা হয় কিন্তু দীর্ঘ সময় অতিক্রান্ত হলেও তিনি পিএইচডি সম্পন্ন করার জন্য নিউজিল্যান্ডে যাননি এবং যথাযথ কর্তৃপক্ষ অর্থাৎ প্রেষণাদেশ মঞ্জুরকারী কর্তৃপক্ষকে অবহিত করেননি। পরবর্তীতে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার স্বার্থে দক্ষ জনবলের সংকট থাকায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে ০৬ জুন ২০২২ তারিখে তার প্রেষণাদেশ বাতিল করা হয়। অথচ তিনি প্রেষণাদেশ মঞ্জুরকারী ও বাতিলকারী কর্তৃপক্ষকে অর্থাৎ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে কোনোরূপ অবহিত না করেই আকস্মিকভাবে ১৩-০৬-২০২২ তারিখ নিউজিল্যান্ড গমণ করেন। তার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের পর্যায়ভুক্ত অপরাধ বিধায় উক্ত অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা নিউজিল্যান্ড গমণের পূর্বে দেশ ত্যাগের দিন তারিখ উল্লেখ করে ডেপুটেশন মঞ্জুরকারী ও বাতিলকারী কর্তৃপক্ষ অর্থাৎ মন্ত্রণালয়কে লিখিতভাবে অবহিত করার কোন দালিলিক প্রমাণ তদন্তকারী কর্মকর্তার নিকট উপস্থাপন করতে পারেননি মর্মে তদন্তকারী কর্মকর্তা মতামত প্রদান করেছেন; এবং

যেহেতু, তার লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তা দেশ ত্যাগের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে লিখিত অনুমতি গ্রহণ না করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে যা অসদাচরণের পর্যায়ভূক্ত অপরাধ বিধায় পারিপার্শ্বিকতা ও সামগ্রিক পর্যালোচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, জনাব খন্দাকর দীন মোহাম্মদ, সহকারী পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব বিবেচনায় একই বিধিমালার ৪(২)(ক) বিধি মোতাবেক 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ফরিদ আহাম্মদ**
সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ ভাদ্র ১৪৩০/১৪ সেপ্টেম্বর ২০২৩

নং ৩৮.০০.০০০০.০০৮.৩৪.০২০.২১-৩৭৯—সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামকরণ ও বিদ্যমান নাম পরিবর্তন নীতিমালা ২০২৩ অনুযায়ী শ্রুতিকটু, নেতিবাচক এবং শিশু মনে ও জনমনে বিরূপ প্রভাব ফেলছে এরূপ নিম্নবর্ণিত ০৩ (তিন)টি বিদ্যালয়ের নাম নিম্নোক্তভাবে পরিবর্তন করা হলো:

| ক্রমিক নং | বিদ্যালয়ের বর্তমান নাম | বিদ্যালয়ের পরিবর্তিত নাম |
|---|---|---|
| ১. | জিন্নাহ মেমোরিয়াল সরকারি প্রাথমিক বিদ্যালয়, জামালগঞ্জ, সুনামগঞ্জ। | রূপাবালী সরকারি প্রাথমিক বিদ্যালয়, জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| ২. | বাজার মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার। | মৌলভীবাজার সদর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার। |
| ৩. | চোরের ভিটা সরকারি প্রাথমিক বিদ্যালয়, পূর্বধলা, নেত্রকোনা। | আলোর ভুবন সরকারি প্রাথমিক বিদ্যালয়, পূর্বধলা, নেত্রকোনা। |

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ কবির উদ্দীন**
উপসচিব।

---

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**প্রশাসন-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩০/১৩ সেপ্টেম্বর ২০২৩

নং ২৮.০১৩.০২৮.০৯.০০.০১৪.২০১০.২০৫—যেহেতু, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বিস্ফোরক পরিদপ্তরের বিস্ফোরক পরিদর্শক জনাব মোঃ আব্দুর রব'কে গত ১৯-০৯-২০২১ তারিখের ২৮.০০.০০০০.০২২.৯৯.০০২.১৭-৯৭ সংখ্যক প্রজ্ঞাপনমূলে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ২৫ (পচিশ) বছর পূর্ণ হওয়ায় জনস্বার্থে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হয়;

২। যেহেতু, সে পরিপ্রেক্ষিতে জনাব মোঃ আব্দুর রব মহামান্য হাইকোর্ট বিভাগের ১২৭১০/২০২১ নং রীট পিটিশন দায়ের করেন এবং উক্ত রিট পিটিশনের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ গত ১২-০১-২০২২ ও ১৪-০৪-২০২২ তারিখে শুনানী গ্রহণপূর্বক ২৫-০৮-২০২২ তারিখের রায়ে তাঁকে চাকরির সম্পূর্ণ সুবিধাসহ পুনর্বহাল করার নির্দেশনা প্রদান করে;

৩। যেহেতু, উক্ত রায়ের বিরুদ্ধে আপিল করা সমীচীন বিধায় প্রদত্ত রায়ের বিষয়ে আপীল দায়েরের জন্য বিজ্ঞ সলিসিটর অনুবিভাগ' কে অনুরোধ জানানো হয় এবং বিজ্ঞ সলিসিটর অনুবিভাগ রায় পর্যালোচনাপূর্বক আপিল দায়ের করার যৌক্তিকতা নেই উল্লেখ করে সরকার রিট পিটিশন নম্বর ১২৭১০/২০২১ এর ২৫-০৮-২০২২ তারিখের রায়ের বিরুদ্ধে আপিল দায়ের না করার সিদ্ধান্ত গ্রহণ করেছে মর্মে এ বিভাগকে অবহিত করে;

৪। যেহেতু, উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে প্রদত্ত রায়ের বিষয়ে আপীল দায়েরের যৌক্তিকতাসহ এ বিভাগ হতে পুনরায় বিজ্ঞ সলিসিটর অনুবিভাগকে অনুরোধ করা হলে বিজ্ঞ সলিসিটর অনুবিভাগ উক্ত রায়ের বিরুদ্ধে আপিল না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে মর্মে পুনরায় এ বিভাগকে অবহিত করে;

৫। যেহেতু, তদপ্রেক্ষিতে হাইকোর্ট বিভাগের প্রদত্ত রায় অনুযায়ী জনাব মোঃ আব্দুর রব'কে চাকরিতে পুনর্বহালসহ অনুপস্থিতির সময় এবং আর্থিক সুবিধা প্রদানের বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য আইন ও বিচার বিভাগে প্রস্তাব প্রেরণ করা হলে উক্ত বিভাগ সরকারি চাকরি আইন, ২০১৮ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ ও রিট পিটিশন নম্বর ১২৭১০/২০২১ এর রায়ের আলোকে বিস্ফোরক পরিদর্শক জনাব মোঃ আব্দুর রব'কে সম্পূর্ণ সুবিধাসহ গত ১৯-০৯-২০২১ তারিখ হতে চাকরিতে অবিলম্বে পুনর্বহাল ও তাঁর চাকরি অব্যাহত রাখার অনুমতি প্রদানসহ বকেয়া বেতন ভাতাদি প্রদানের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে মর্মে মতামত প্রদান করেছে;

০৬। সেহেতু, মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রায়, বিজ্ঞ সলিসিটর অনুবিভাগের দুই দফায় প্রদত্ত সিদ্ধান্ত এবং আইন ও বিচার বিভাগের আইনগত মতামতের আলোকে জনাব মোঃ আব্দুর রব'কে বিস্ফোরক পরিদপ্তরের বিস্ফোরক পরিদর্শক পদে গত ১৯-০৯-২০২১ তারিখ হতে চাকরিতে পুনর্বহাল করা হলো। তাঁর অবসর প্রদানের তারিখ (১৯-০৯-২০২১) হতে চাকরিতে পুনর্বহালের তারিখ পর্যন্ত সময়কে কর্মকাল হিসেবে গণ্য করে চাকরির ধারাবাহিকতা রক্ষার আদেশ প্রদান করা হলো।

৭। তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

৮। পুনর্বহালকৃত বিস্ফোরক পরিদর্শক জনাব মোঃ আব্দুর রব প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করবেন।

৯। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নূরুল আলম**
সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২রা কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/১৮ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.১৫৭.১০(অংশ-২).২৩০**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | শীট নম্বর | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | বুজরুক কালাই | ২২৫ | ১৪৫১ | ২ | মিঠাপুকুর | রংপুর |
| ২ | হাসনপুর | ২১৯ | ১১৩৮ | ২ | পীরগঞ্জ | রংপুর |
| ৩ | ওসমানপুর | ২৩৪ | ১৫১৯ | ১৬ | পীরগঞ্জ | রংপুর |
| ৪ | চেরেঙ্গা | ৬৪ | ৩৪৩২ | ৪ | জলঢাকা | নিলফামারী |
| ৫ | চতুরা | ২৮ | ৯৭২ | ২ | রাজারহাট | কুড়িগ্রাম |
| ৬ | বিদ্যানন্দ | ৩৩ | ৬০৪ | ৩ | রাজারহাট | কুড়িগ্রাম |
| ৭ | পাত্রখাতা | ৬৯ | ৩১৬৭ | ১ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |
| ৮ | বিশ্বনাথপুর | ১১৬ | ৫৫৫ | ২ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা |
| ৯ | কাজলা | ২০৯ | ৩০০ | ১ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা |
| ১০ | বগচর | ২৬০ | ৯৬৬ | ২ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা |

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

এস এম জাহাঙ্গীর হোসেন
উপসচিব।